ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৭৪০

বিলোনীয়া, ১৬ মে,২০২৫

**দক্ষিণ ত্রিপুরা জেলায় ৫১,১৬০**
**জনকে গৃহ নির্মাণ করে দেওয়া হয়েছে**

প্রধানমন্ত্রী আবাস যোজনা (গ্রামীণ) প্রকল্পে দক্ষিণ ত্রিপুরা জেলায় এখন পর্যন্ত মোট ৫১ হাজার ১৬০ জন সুবিধাভোগীকে গৃহ নির্মাণ করে দেওয়া হয়েছে। জেলায় মোট লক্ষ্যমাত্রা ছিলো ৫২ হাজার ৪৪৪ টি ঘর তৈরির। লক্ষ্যমাত্রার ৯৭.৫৫ শতাংশ পূরণ হয়েছে। বাকি গৃহ নির্মাণের কাজ চলছে। সুবিধাভোগীদের মধ্যে প্রথম কিস্তির টাকা পেয়েছেন ৫২ হাজার ৪৪২ জন, দ্বিতীয় কিস্তির টাকা পেয়েছেন ৫১ হাজার ৬৬০ জন এবং তৃতীয় কিস্তির টাকা পেয়েছেন ৭৮৪ জন। দক্ষিণ ত্রিপুরার জেলাশাসক কার্যালয় থেকে এ সংবাদ জানানো হয়েছে।

*****